

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮-৩৬৩

তারিখ: ২৯ ডিসেম্বর ২০১৮

- বিষয় : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের নভেম্বর ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ০৬ ডিসেম্বর ২০১৮, সময় : সকাল- ১০.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত নভেম্বর ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ সামান্য কম থাকায় আগত কেইসের চেয়ে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন।	প্রবাসে মৃত কর্মী যাদের পাসপোর্টে জন্ম তারিখ ১৯৮৫ সাল ও তার পূর্বে উল্লেখ রয়েছে তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দূতাবাস/মিশন কর্তৃক প্রদত্ত এনওসিতে লিগ্যাল / বৈধ কর্মী প্রত্যায়নের ভিত্তিতে আর্থিক অনুদান প্রদান করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান।	(ক) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি প্রদানের নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগপূর্বক দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। (খ) ইএফটি (EFT) কার্যক্রম চালু করার জন্য মৃতের পরিবারের অনুকূলে প্রদত্ত চাহিদা পত্রে ব্যাংক হিসাব নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংক শাখার রাউটিং নম্বর প্রদানের চাহিদাপত্র সংশোধনের বিষয়ে সভায় আলোচনা হয়।	(ক) মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগপূর্বক দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) মৃতের পরিবারের অনুকূলে প্রদত্ত চাহিদা পত্রে ব্যাংক স্টেটমেন্টের সাথে হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংক শাখার রাউটিং নম্বর প্রদানের জন্য চাহিদাপত্র সংশোধন করতে হবে।	পরিচালক (আইআরপি) ও সিস্টেম এ্যানালিস্ট পরিচালক (সকল)

